

## রাবি ভিসিকে সরিয়ে দেয়ার ছমকি এমপি

রাজশাহী ব্যুরো ও রাবি প্রতিনিধি

রাজশাহী-১ (গোদাগাড়ী-তানোর) আসনের সংসদ সদস্য ও জেলা আওয়ামী লীগের সভাপতি ওমর ফারুক চৌধুরী, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর ড. মুহম্মদ মিজানউদ্দিনকে তার পদ থেকে সরিয়ে দেয়ার ছমকি দিয়েছেন বলে অভিযোগ করা হয়েছে। ভিসি বুধবার দুপুরে ঘটনার পরপরই সাংবাদিকদের দফতরে ডেকে এ ছমকির কথা প্রকাশ করেন। ওমর ফারুক চৌধুরীর মালিকানাধীন রাজশাহীর শাহ মখদুম মেডিকেল কলেজকে করা জরিমানা মওকুফ না করায় বুধবার দুপুরে ভিসির দফতরে গিয়ে এই ছমকি দেয়া হয়েছে বলে ভিসি অভিযোগ করেছেন। তবে ছমকি দেয়ার অভিযোগ অস্বীকার করে সংসদ সদস্য ওমর ফারুক চৌধুরী ভিসির বিরুদ্ধে তার সঙ্গে সৌজন্যমূলক সমঝুত্বের পন্থায় অভিযোগ করেছেন। রাবি ভিসি ড. মিজানউদ্দিন সাংবাদিকদের জানান, বুধবার দুপুর ১টার দিকে ওমর ফারুক চৌধুরী ফোন করে তার সঙ্গে সাক্ষাৎ করতে চান। এ সময় বিশ্ববিদ্যালয় মেডিকেল সেন্টারের অফিসারদের একটি পদোন্নতি বোর্ড থাকায় পরে সাক্ষাৎের কথা সংসদ সদস্যকে বলা হয়। এতে ওমর ফারুক ক্ষিপ্ত হয়ে তাকে বলেন, বোর্ড বাদ দিয়ে তখনই সাক্ষাৎ করতে হবে। অন্যথায় তাকে দেখে নেবেন তিনি। ভিসি আরও বলেন, এর কিছুক্ষণ পর দুপুর দেড়টার দিকে সংসদ সদস্য ওমর ফারুক তার ব্যক্তিগত সহকারীসহ চারজনকে সঙ্গে নিয়ে তার দফতরে প্রবেশ করেন।